দৈনিক জনকণ্ঠ

তারিখ ১১ AUG 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# ভার্সিটি পর্যায়ে শিক্ষার উৎকর্ষ সাধনে গুরুত্বারোপ

স্টাফ রিপোর্টার ॥ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সহযোগিতা চাইলেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় উপাচার্যরা সহযোগিতা কামনা করে বলেছেন, শিক্ষকদের বিশেষ সুযোগ-সুবিধা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলেই মেধাবী শিক্ষার্থীরা শিক্ষকতা পেশায় আকৃষ্ট হবেন। এতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার গুণগতমান এবং উৎকর্ষ সাধিত হবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান

## ভিসিরা সহযোগিতা চাইলেন ইউজিসির

অধ্যাপক আবদুল মান্নান। ইউজিসি মিলনায়তনে আয়োজিত বিশ্ববিদ্যালয় পরিষদ ও পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি (১৫ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ভার্সিটি পর্যায়ে

(১৬-এর পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুনর রশীদসহ বিভিন্ন উপাচার্য তাদের মতামত তুলে ধরেন। ইউজিসির কর্মকর্তাদের মধ্যে সভায় ছিলেন- সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি, সচিব ড. মোঃ খালেদ প্রমুখ। সভা শেষে ইউজিসির পক্ষ থেকে জানানো হয়, সভায় ১৯৭৫ সালের ১৫ আগস্টে শাহাদাতবরণকারী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করা হয়।

এরপর উপাচার্যরা নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা তুলে ধরেন এবং সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহযোগিতা কামনা করেন।

উপাচার্যরা তাদের বক্তৃতায় ইউজিসির কাছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান যাতে মেধাবী শিক্ষার্থীরা শিক্ষকতা পেশায় আকৃষ্ট হয়। এতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার গুণগতমান এবং উৎকর্ষ সাধিত হবে। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান উপাচার্যদের উদ্দেশ্যে বলেন, দেশের বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য ইউজিসি প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা করবে। দেশ ও জাতির কল্যাণে নতুন জ্ঞান সৃজন ও তা বিতরণের জন্য তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আরও বেশি গবেষণায় মনোনিবেশ করার জন্য আহ্বান জানান ইউজিসি চেয়ারম্যান। তিনি উপাচার্যদের আসন্ন ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সময়সূচী সমন্বয় করার আহ্বান জানিয়ে বলেন, কোন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ থেকে যেন বঞ্চিত না হন। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সরকার ও ইউজিসির বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করার জন্যও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের প্রতি আহ্বান জানান চেয়ারম্যান।

এদিকে আগস্ট মাসের বেতনভাতা ও ঈদুল আজহার পূর্ণাঙ্গ উৎসব ভাতা প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বেসরকারী শিক্ষক সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। বৃহস্পতিবার সমিতির সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরী ও মহাসচিব মোঃ ইয়াদ আলী খান এক বিবৃতিতে এ আহ্বান জানান।

### জঙ্গীবাদ দমনে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কাউন্সিলর নিয়োগ হচ্ছে

কারিগরি শিক্ষা অধিদফতরের আওতাধীন সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গীবাদ দমনে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একজন করে কাউন্সিলর নিয়োগ দেয়া হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের একজন সিনিয়র শিক্ষককে কাউন্সিলর নিয়োগ করে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন দিতে বলেছে কারিগরি শিক্ষা অধিদফতর।